## ঙীষ্

২৩। **বহুব্রীহেরূধসো ঙীষ্** (৪।১।২৫)—বহুব্রীহি সমাসে ঊধস্ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। ঙীষ্ হইলে *'ঊধসোঽনঙ্'* (৫।৪।১৩১) সূত্রে বহুব্রীহি সমাসে ঊধস্ শব্দের উত্তর অনঙ্ (সমাসান্ত প্রত্যয়) হয়। যথা, কুণ্ডমিব ঊধঃ (আপীনং) যস্যাঃ সা কুণ্ডোধ্নী। এইরূপ—ঘটোধ্নী, পীনোধ্নী, অত্যূধ্নী। বহুব্রীহি-সমাস এবং স্ত্রীলিঙ্গ না হইলে অনঙ্ হয় না। যথা, ঊধঃ প্রাপ্তা প্রাপ্তোধাঃ গবাং গণাঃ প্রস্রুতপীবরোধসঃ, প্রাপ্তোধাঃ পর্জন্যঃ, কুণ্ডোধো ধেনুকম্।

২৪। **ষিদ্-গৌরাদিভ্যশ্চ** (৪।১।৪১)—ষ-কার ইৎ-প্রত্যয়ান্ত এবং গৌর- প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীষ্ হয়। যথা, **ষ্বুন্**, নর্তক—নর্তকী, রজক—রজকী; রঞ্জক—রঞ্জকী; **ষ্কন্**—পথিকী; **ষচ্**—মৃগাক্ষী, বিশালাক্ষী; **ষাকন্**—জল্পাকী, ভিক্ষাকী, লুণ্ঠাকী (robber), কুট্টাকী (who cuts or divides), বরাকী; **ষ্টরচ্**—বৎসতরী, অশ্বতরী, উক্ষতরী; **ষ্ঠন্**—কুসীদিকী, **ষ্ফ**—বাৎস্যায়নী, গার্গ্যায়ণী, কাত্যায়নী। অজাদিপাঠাৎ দংষ্ট্রা (ষ্ট্রন্)।

**গৌরাদি**—গৌর—গৌরী, মৎস্য—মৎসী, মনুষ্য—মনুষী, সূর্য—সূরী, গবয়—গবয়ী, হরিণ—হরিণী, বিম্ব—বিম্বী, পুষ্কর—পুষ্করী, ধাতক—ধাতকী, মহ—মহী, মঠ—মঠী, তক্ষন্—তক্ষ্ণী, স্থূণ—স্থূণী, নট—নটী, শাতন—শাতনী, পাতন—পাতনী, পাবন—পাবনী, আস্তরণ—আস্তরণী, সুন্দর—সুন্দরী, মণ্ডল—মণ্ডলী, পট—পটী, পিণ্ড—পিণ্ডী, কন্দল—কন্দলী, তরুণ—তরুণী, মহৎ—মহতী, বৃহৎ—বৃহতী, বিকল—বিকলী, মাতামহ—মাতামহী, পিতামহ—পিতামহী, শ্বন্—শুনী, গৌতম—গৌতমী। **পিপ্পল্যাদয়শ্চ**—পিপ্পলী, আমলকী, হরিতকী, পৃথিবী। **আমনডুহ স্ত্রিয়াং বা**—অনডুহ—অনডুহী, অনড্বাহী।

২৫। **বোতো গুণবচনাৎ** (৪।১।৪৪)—উ-কারান্ত গুণবাচক[1] শব্দের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, পটু—পট্বী পটুঃ, লঘু—লঘ্বী লঘুঃ, তনু—তন্বী তনুঃ, মৃদু—মৃদ্বী মৃদুঃ, সাধু—সাধ্বী সাধুঃ। **খরু সংযোগোপধান্ন**—খরু—খরুঃ (পতিংবরা কন্যা), পাণ্ডু—পাণ্ডুঃ।

২৬। **বহ্বাদিভ্যশ্চ** (৪।১।৪৫)—বহু প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে বিকল্পে ঙীষ্ হয়। যথা, বহু—বহ্বী, বহুঃ; শক্তি—শক্তী, শক্তিঃ (অস্ত্রম্)। পদ্ধতি—পদ্ধতী, পদ্ধতিঃ; শারি—শারী, শারিঃ; গতি—গতী, গতিঃ; অহি—অহী, অহিঃ; কপি—কপী, কপিঃ; মুনি—মুনী, মুনিঃ; যষ্টি—যষ্টী, যষ্টিঃ; চণ্ড—চণ্ডী, চণ্ডা; অরাল—অরালী, অরালা; কৃপণ—কৃপণী, কৃপণা; বিকট—বিকটী, বিকটা; কল্যাণ—কল্যাণী, কল্যাণা; বিশাল—বিশালী, বিশালা; পুরাণ—পুরাণী, পুরাণা; সাধারণ—সাধারণী, সাধারণা; সহায়—সহায়ী, সহায়া; ধূলি—ধূলী, ধূলিঃ।

Scanned with CamScanner

(ক) **কৃদিকারাদক্তিনঃ** (বা)—ক্তিন্-প্রত্যয়ান্ত ভিন্ন কৃৎ-প্রত্যয়ের ই-কারের উত্তর বিকল্পে ঙীষ্ হয়। যথা, রাত্রি—রাত্রী, রাত্রিঃ; অবনি—অবনী, অবনিঃ, অটবি—অটবী, অটবিঃ; ধরণি—ধরণী, ধরণিঃ; মণি—মণী, মণিঃ; সূচি—সূচী, সূচিঃ; বেণি—বেণী, বেণিঃ; বীচি—বীচী, বীচিঃ; শ্রেণি—শ্রেণী, শ্রেণিঃ; রজনি—রজনী, রজনিঃ। **সর্বত্র অক্তিন্নর্থাৎ ইত্যন্যে**—কেহ কেহ বলেন—ক্তিন্-প্রত্যয়ের অর্থে ব্যতীত সমস্ত ই-কারান্ত শব্দের বিকল্পে ঙীষ্ হয়; যথা, শকটি—শকটী, শকটিঃ। **অজননিঃ** এই স্থলে ক্তিন্-প্রত্যয়ের অর্থে বলিয়া ঙীষ্ হয় না।

২৭। **পুংযোগাদাখ্যায়াম্** (৪।১।৪৮)—স্ত্রী বুঝাইতে পুরুষবাচক শব্দের উত্তর ঙীষ্ হয়। যথা, ব্রাহ্মণস্য স্ত্রী—ব্রাহ্মণী; এইরূপ গোপী, গণকী, নাপিতী, শূদ্রী, বৈশ্যী, ক্ষত্রিয়ী রাজ্ঞী। **পালকান্তান্ন**—গোপালকস্য স্ত্রী—গোপালিকা, অশ্বপালকস্য স্ত্রী—অশ্বপালিকা। **সূর্যাদ্দেবতায়াং চাপ্ বাচ্যঃ**—সূর্যস্য দেবতা স্ত্রী—সূর্যা; সূর্যস্য মানবী স্ত্রী—সূরী (কুন্তী)।

Scanned with CamScanner

# কতিপয় লক্ষণীয় স্ত্রীলিঙ্গ শব্দ

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| অগ্নি | অগ্নায়ী | কৃশোদর | কৃশোদরী, কৃশোদরা |
| অজ | অজা | কোকিল | কোকিলা |
| অনডুহ্ | অনডুহী, অনড্বাহী | খনক | খনকী |
| অবাচ্ | অবাচী | ঘট | ঘটী |
| অরণ্য | অরণ্যানী | চন্দ্রমুখ | চন্দ্রমুখী, চন্দ্রমুখা |
| অশ্ব | অশ্বা | চন্দ্রবদন | চন্দ্রবদনা |
| এত | এতা, এনী | জগ্মিবস্ | জগ্মুষী |
| উদচ্ | উদীচী, উদঞ্চী | তস্থিবস্ | তস্থুষী |
| কল্মাষ | কল্মাষী | তির্যচ্ | তিরশ্চী, তির্যঞ্চী |
| নন্দন | নন্দনা | মঘবৎ | মঘবতী |
| নর | নারী | মঘবন্ | মঘোনী |
| নৃ | নারী | মৎস্য | মৎসী |
| পতি | পত্নী | মনু | মনাবী, মনায়ী, মনুঃ |
| পঙ্গু | পঙ্গূ | মহারাজ | মহারাজী |
| পিতৃ | মাতৃ | যুবৎ (যু+শতৃ) | যুবতী |
| পিশঙ্গ | পিশঙ্গী, পিশঙ্গা | যুবন্ (পাণিনি মতে যূনী হয় না) | যুবতি |
| পূতক্রতু | পূতক্রতায়ী | রজক | রজকী |
| প্রত্যচ্ | প্রতীচী, প্রত্যঞ্চী | রাজন্ | রাজ্ঞী |

Scanned with CamScanner

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| উদচ্ | উদীচী | রোহিত (red) | রোহিতা, রোহিণী |
| কুসিত (userer)— | কুসিতায়ী | বিম্বোষ্ঠ | বিম্বোষ্ঠী, বিম্বোষ্ঠা |
| কুসিদ (userer)— | কুসিদায়ী | বৃষাকপি | বৃষাকপায়ী |
| শোণ (red) | শোণা, শোণী | শ্বশুর | শ্বশ্রূঃ |
| শ্যেত (white) | শ্যেতা, শ্যেনী | সারঙ্গ (variegated) | সারঙ্গী |
| শবল (variegated) | শবলী | হরিত | হরিতা, হরিণী |
| শ্বন্ | শুনী | হিম | (মহৎ হিমম্ = ) হিমানী |

Scanned with CamScanner